# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 09-04-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্টের নির্দেশে প্রায় ২৬ হাজার শিক্ষক-অশিক্ষক কর্মীর চাকরি বাতিলের প্রেক্ষিতে আজ জেলায় জেলায় ডিআই অফিস ঘেরাওয়ের সময় কলকাতার কসবাস মাধ্যমিক জেলা বিদ্যালয় কার্যালয় রণক্ষেত্রের চেহারা নেয়। আহত হয়েছেন বেশ কয়েকজন ।

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু কসবায় শিক্ষকদের আন্দোলনের সময় পুলিশের লাঠি চার্জকে দুর্ভাগ্যজক আখ্যা দিয়েছেন।

আগামী শুক্র অথবা শনিবার চাকরি হারা যোগ্য শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে তিনি বৈঠকে বসবেন বলে শিক্ষামন্ত্রী জানিয়েছেন।

২) বিভিন্ন রাজনৈতিক দলও চাকরিহারাদের ওপর পুলিশের আজকের আচরণে তীব্র নিন্দা করেছে।

৩) সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারা শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীদের পাশে থেকে তাদের সব ধরনের সহযোগিতা করা হবে বলে রাজ্য সরকার আবারও আশ্বাস দিয়েছে।

৪) সংখ্যালঘুদের জীবন ও সম্পত্তি রক্ষায় তিনি দায়বদ্ধ বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

৫) রাজ্যের বেশকিছু জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি এবং কালবৈশাখীর সম্ভাবনা আছে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে।

ooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশে প্রায় ২৬ হাজার শিক্ষক-অশিক্ষক কর্মীর চাকরি বাতিলের প্রেক্ষিতে আজ জেলায় জেলায় ডিআই অফিস ঘেরাওয়ের সময় কলকাতার কসবার মাধ্যমিক জেলা বিদ্যালয় কার্যালয় রণক্ষেত্রের চেহারা নেয়। চাকরি হারারা সেখানে বিক্ষোভ প্রদর্শনের সময় ব্যারিকেড করে তাদের বাধা দেওয়া হয় বলে অভিযোগ। সেই বাধা টপকে তারা এক সময় অফিসের ভেতরে ঢুকে পড়লে পুলিশের সঙ্গে ধস্তাধস্তি বাধে। তারা বেধড়ক লাঠিচার্জ করে বলে অভিযোগ। আন্দোলনকারী শিক্ষকদের লাথি মারারও অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। পুলিশের লাঠির আঘাতে বেশ কয়েকজন শিক্ষক আহত হন। তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুই মহিলা সহ ৬ জন পুলিশ কর্মীও আহত হয়েছেন বলে জানা গেছে।

এদিকে, এই ঘটনার প্রতিবাদে চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা কসবা ডি আই অফিস থেকে গড়িয়াহাট পর্যন্ত প্রতিবাদ মিছিলে সামিল হন। রাস্তায় শুয়ে পড়ে তারা বিক্ষোভ দেখাতে থাকেন। কার্যত অবরুদ্ধ হয়ে পড়ে গড়িয়াহাট মোড়। এছাড়াও ডি আই অফিসের সামনে বিক্ষোভ চলাকালীন বেশ কয়েকজন শিক্ষক-শিক্ষিকা অসুস্থ হয়ে পড়েন বলে জানা গেছে।

কলকাতা পুলিশের ডিসি বিদিশা কোলিতা জানিয়েছেন, ব্যারিকেড ভেঙে আন্দোলনকারীরা জোর করে ডি আই অফিসে ঢুকে পড়ে। তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেওয়া হবে।

oooooooooooooooooooo

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু কসবায় শিক্ষকদের আন্দোলনের সময় পুলিশের লাঠি চার্জকে দুর্ভাগ্যজক আখ্যা দিয়েছেন। তিনি আজ সাংবাদিকদের বলেন, মুখ্যমন্ত্রী মানবিকভাবেই যোগ্য বঞ্চিতদের চাকরি ফেরানোর আশ্বাস দিয়েছেন। তারপরে এই আন্দোলন স্থগিত রাখা যেতো। রাজ্য সরকার এখনও শিক্ষকদের পাশে রয়েছে এই আশ্বাস দিয়ে তিনি তাদেরকে কোন রকম উস্কানিতে পা না দেওয়ার আবেদন জানান।

(বাইট – ব্রাত্য)

আগামী শুক্র অথবা শনিবার চাকরি হারা যোগ্য শিক্ষক প্রতিনিধিদের সঙ্গে তিনি বৈঠকে বসবেন বলে শিক্ষামন্ত্রী জানিয়েছেন। বিকাশ ভবনের ওই বৈঠকে এস এস সি-র চেয়ারম্যান ও বিভাগীয় আধিকারিকরা উপস্থিত থাকবেন।

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী চাকরি হারা শিক্ষক-শিক্ষিকাদের সমস্যা সমাধান এর চেষ্টা করছেন। সেটা যাদের সহ্য হয়নি সেই দলগুলিই বকলমে আজ তাদের লোক পাঠিয়ে কসবায় এই গণ্ডগোল পাকিয়েছে বলে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ অভিযোগ করেছেন। এর ফলে চাকরি হারাদের একটি অংশ আবেগে বিভ্রান্ত হয়েছেন বলে মন্তব্য করেন কুনাল বাবু।

(বাইট- কুনাল)

কুনাল বাবু বলেন ,মধ্যপ্রদেশে যখন বেপম কেলেঙ্কারি, একের পর এক মৃত্যু মিছিল চলছিল তখন বিজেপি কোথায় ছিল তা নিয়ে ও প্রশ্ন তোলেন কুনাল বাবু।কুনাল বাবু বলেন, ডি আই অফিস চাকরি দিতে পারবে না । সেখানে কেন তারা গেলেন সে নিয়েও প্রশ্ন তোলেন কুনাল বাবু।

oooooooooooooooooooo

বিজেপি শিক্ষক-শিক্ষিকাদের ওপর পুলিশের আজকের আচরণ বরদাস্ত করবে না বলে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার স্পষ্ট জানিয়েছেন। তিনি আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, বাংলার ইতিহাসে আজকের দিনটি কালা দিবস হিসেবে চিহ্নিত হয়ে থাকবে। সরকার দুর্নীতি করার পরেও যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের ওপর যে ধরনের আচরণ আজ করেছে, তা কখনোই মেনে নেওয়া হবে না। বিজেপি এর বিরুদ্ধে পথে নামবে।

মুর্শিদাবাদে গতকাল ওয়াকফ আইনের বিরোধিতায় বিক্ষোভ প্রদর্শনের সময় পুলিশ কোন পদক্ষেপ না নিলেও আজ শিক্ষকদের শান্তিপূর্ণ প্রতিবাদের সময় কেন তাদের ওপর লাঠি চার্জ সহ এধরনের আচরণ করা হলো, সেই প্রশ্নও তোলেন তিনি।

(বাইট – সুকান্ত)

এদিকে, শিক্ষক শিক্ষিকাদের ওপর পুলিশের লাঠিচালনার প্রতিবাদে বিজেপি আজ লালবাজারের সামনে বিক্ষোভ দেখায়। এর নেতৃত্ব দেন বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ। তিনি বলেন, নিরস্ত্র শিক্ষক শিক্ষিকাদের ওপর পুলিশের লাঠিচালনার বিরুদ্ধে তাদের এই প্রতিবাদ। এই ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেন শঙ্কর বাবু । স্কুল-কলেজ শিক্ষিকাদের ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার ডাক দেন তিনি।

পুলিশের সঙ্গে বেশ কিছুক্ষণ বিজেপি কর্মীদের ধাক্কাধাক্কি চলে। শঙ্কর ঘোষ সহ কয়েকজন বিধায়ককে লালবাজারে আটক করে নিয়ে যায় পুলিশ।

অন্যদিকে নিয়োগ দুর্নীতির বিরুদ্ধে বিজেপি যুব মোর্চা গান্ধী মূর্তির পাদদেশে ধর্ণায় বসে। এর নেতৃত্ব দেন মোর্চা রাজ্য সভাপতি ইন্দ্রনীল খাঁ।

oooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশে প্রায় ২৬ হাজার শিক্ষকের চাকরি যাওয়ার পিছনে বিজেপি-সিপিএমের ষড়যন্ত্রের অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেসের ছাত্র ও যুব সংগঠনের সদস্যারা

আজ এর প্রতিবাদে রাস্তায় নামে । বিকেলে দলের ছাত্র ও যুব সংগঠনের ডাকে কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত প্রতিবাদ মিছিল হয়। উপস্থিত ছিলেন যুব কংগ্রেসের সভানেত্রী তথা সাংসদ সায়নী ঘোষ, তৃণমূল ছাত্র পরিষদের রাজ্য সভাপতি তৃণাঙ্কুর ভট্টাচার্য্য প্রমুখ। সহ ছাত্র ও যুব সংগঠনের নেতৃত্বরা।

তৃণমূল সূত্রের খবর, আগামী ১১ এপ্রিল জেলায় জেলায় বিভিন্ন ব্লকে ও ওয়ার্ডে প্রতিবাদ মিছিল করবেন ছাত্র-যুবরা।

সায়নী ঘোষ বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি চাকরি হারা শিক্ষক-শিক্ষিকাদের পাশে রয়েছেন। বিরোধী বিজেপি সিপিএম এনিয়ে রাজনীতি করছে বলেও তাঁর অভিযোগ।

oooooooooooooooooooooo

কংগ্রেস চাকরি হারা শিক্ষক-শিক্ষিকাদের ওপর পুলিশের লাঠি চালনার তীব্র নিন্দা করেছে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার এই ধরনের অমানবিক আচরণ নিয়ে প্রশ্ন তুলেছেন।

এসইউসিআই কমিউনিস্ট আজকের ঘটনার তীব্র নিন্দা করেছে। দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য, এক বিবৃতিতে বলেছেন, মুখ্যমন্ত্রী শিক্ষকদের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েও যেভাবে আজ তাদের লাঠি চার্জ করা হলো, তা সম্পূর্ণ দ্বিচারিতা। এই ঘটনার প্রতিবাদে এসইউসিআই কমিউনিস্ট আগামীকাল রাজ্যজুড়ে প্রতিবাদ দিবস পালন করবে।

বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতি শিক্ষকদের ওপর পুলিশী আক্রমণের তীব্র নিন্দা করেছে। সমিতির সাধারণ সম্পাদক আনন্দ হান্ডা অভিযোগ করেছেন, রাজ্য সরকারের দুর্নীতির বলি হতে হয়েছে শিক্ষক-শিক্ষিকাদের।

অধ্যাপক সংহতি মঞ্চ ডি আই অফিসে শিক্ষকদের ওপর পুলিশী আক্রমণের তীব্র নিন্দা করেছে । মঞ্চের সম্পাদক মানস জানা, এই আন্দোলনকে ন্যায় সঙ্গত বলে দাবি করেছেন।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি জুটাও এই লাঠি চার্জের ঘটনার তীব্র নিন্দা করেছে। জুটার সম্পাদক অধ্যাপক পার্থ প্রতিম রায় এই ঘটনায় দোষী পুলিশ আধিকারিকদের শাস্তিরও দাবি জানিয়েছেন।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারা শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীদের পাশে থেকে তাদের সব ধরনের সহযোগিতা করা হবে বলে রাজ্য সরকার আবারও আশ্বাস দিয়েছে। মুখ্য সচিব মনোজ পন্থ আজ নবান্নে পুলিশ কমিশনার মনোজ ভর্মা এবং এডিজি আইনশৃঙ্খলা জাভেদ শামিমকে নিয়ে এক সাংবাদিক বৈঠকে বলেন, কসবায় মাধ্যমিক জেলা বিদ্যালয় কার্যালয়ে আজকের ঘটনা সম্পূর্ণ অনভিপ্রেত । গোটা বিষয়টি মানবিক দৃষ্টিভঙ্গীর সঙ্গে দেখার পাশাপাশি আইন মেনে উদ্ভুত সমস্যার সমাধানের চেষ্টা করা হচ্ছে।

(বাইট – মনোজ পন্থ)

শিক্ষা ব্যবস্থা স্বাভাবিক রাখার লক্ষে মধ্যশিক্ষা পর্ষদের পক্ষ থেকে ইতিমধ্যেই সুপ্রিম কোর্টে আবেদন দাখিল করা হয়েছে। সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য শীঘ্রই রিভিউ পিটিশন দাখিল করা হবে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং  প্ররোচনায় পা না দেওয়ারও আবেদন জানান তিনি।

এদিকে, পুলিশ কমিশনার মনোজ ভার্মা জানিয়েছেন, ভিডিও ফুটেজ সহ গোটা ঘটনার রিপোর্ট চেয়ে পাঠানো হয়েছে। সেই রিপোর্টের প্রেক্ষিতেই পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। তিনি আরও জানান, ডি আই অফিসে শিক্ষক-শিক্ষিকাদের এই বিক্ষোভের

আগাম কোন খবর পুলিশের কাছে ছিল না। পুলিশ কমিশনারও সকলকে আইনশৃঙ্খলা বজায় রাখারও আর্জি জানান।

oooooooooooooooooooo

সংখ্যালঘুদের জীবন ও সম্পত্তি রক্ষায় তিনি দায়বদ্ধ বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। মহাবীর জয়ন্তীর প্রাক্কালে আজ কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে জৈন সম্প্রদায়ের একটি সংগঠনের অনুষ্ঠানে তিনি ওয়াকফ বিল প্রসঙ্গ তুলে একথা জানান। মুখ্যমন্ত্রী বলেন, কারো সম্পত্তি  কেড়ে নেওয়ার অধিকার কারোর নেই। কোনো প্ররোচনায় পা না দিতেও তিনি সকলের কাছে আহ্বান জানিয়েছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

মহাবীর জয়ন্তী উপলক্ষে মুখ্যমন্ত্রী জৈন সম্প্রদায়ের মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন। অনুষ্ঠানে রাজ্যের একাধিক মন্ত্রী, শিল্পপতি সহ বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

oooooooooooooooo

ওয়াকফ আইনের বিরোধিতায় জঙ্গীপুরে গতকালের অশান্তির পর মুর্শিদাবাদের সুতীতে বিক্ষোভ প্রদর্শনকে কেন্দ্র করে ব্যাপক গোলমাল বাধে। ১২ নম্বর জাতীয় সড়কে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখাতে গেলে পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের খন্ডযুদ্ধ শুরু হয়। খবর পেয়ে সুতী থানার বিশাল বাহিনী সেখানে পৌঁছয়। ধস্তাধস্তির ঘটনায় গোটা এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। পুলিশের শীর্ষ কর্তারা অতিরিক্ত বাহিনী নিয়ে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এদিকে মুখ্যমন্ত্রীর নির্দেশে আজ জঙ্গীপুরের বিধায়ক জাকির হোসেন এলাকায় গিয়ে স্থানীয়দের সঙ্গে বৈঠক করেছেন। কোনোরকম প্রোরোচনায় পা না দেওয়ার অনুরোধ জানিয়েছেন তিনি।

হিংসাত্মক কার্যকলাপে এখনও পর্যন্ত ২২ জনকে গ্রেপ্তার করা হয়েছে বলে পুলিশ সুপার আনন্দ রায় জানিয়েছেন। স্বতঃপ্রণোদিত মামলা দায়ের করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

স্পটলাইট অনুষ্ঠানে এবার শুনবেন ‘ওয়াকফ (সংশোধনী) বিল’ নিয়ে বিশেষ আলোচনা। অতিথি হিসেবে থাকছেন প্রবীণ সাংবাদিক মোহাম্মদ আমানুল্লা এবং আইনজীবী দেবজিত সরকার। সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আগামীকাল সঞ্চয়িতায় রাত সাড়ে আটটায়। একইসঙ্গে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও এ’টি শোনা যাবে।

০০০০০০০০০০০০০০

দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরের ওপর সৃষ্ট নিম্নচাপ আগামী ১২ ঘন্টায় উত্তর দিকে অগ্রসর হয়ে ক্রমশ দুর্বল হয়ে পড়বে। তবে অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় রাজ্যের বেশ কিছু জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি এবং কালবৈশাখীর সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

দপ্তরের পূর্বাঞ্চলীয় অধিকর্তা ডঃ সোমনাথ দত্ত আকাশবাণীকে বলেন, আজ দক্ষিণ বঙ্গের বেশ কিছু জেলায় বিক্ষিপ্ত বৃষ্টি এবং পশ্চিম বর্ধমান বীরভূম ও মুর্শিদাবাদে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। অন্যদিকে উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি ও ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে এবং সংশ্লিষ্ট জেলা গুলিতে হলুদ সতকর্তা দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০